

Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 23 April, 2025

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) উপাচার্যের পদত্যাগের দাবিতে আমরা অনশন বসেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) পাঁচ শিক্ষার্থী। বুধবার (২৩ এপ্রিল) সকাল ১০টা থেকে বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম প্রশাসন ভবনের ফটকের সামনে এই কর্মসূচি শুরু করেন তাঁরা।

অনশনকারী ছয় শিক্ষার্থী হলেন- বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, রাবির সমন্বয়ক ও ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষার্থী সালাহউদ্দিন আম্মার, সমন্বয়ক ও ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের শিক্ষার্থী আতাউল্লাহ, সমাজকর্ম বিভাগের আরিফ আলভি, গণিত বিভাগের মৌসি, ইসলামিক স্টাডিজ বিভাগের আরিফুল ইসলাম ও ইসমাইল হোসেন।

এসময় 'দফা এক দাবি এক, কুয়েট ভিসির পদত্যাগ', 'কুয়েট তোমার ভয় নাই, রাজপথ ছাড়ি নাই', 'আপস না সংগ্রাম, সংগ্রাম', 'স্ট্যান্ড উইথ কুয়েট, স্টেপ ডাউন মাসুদ'সহ বিভিন্ন লেখা সংবলিত প্ল্যাকার্ড প্রদর্শন করে প্রতিবাদ জানাতে দেখা যায় আন্দোলনকারীদের।

অনশনকারী সালাহউদ্দিন আম্মার বলেন, ৫ আগস্টের পরে সকল ক্ষেত্রে আমূল পরিবর্তনের আকাঙ্ক্ষা ছিলো আমাদের। কিন্তু এখন নব্য ফ্যাসিস্টের আবির্ভাব হচ্ছে। এমন সর্বপ্রথম ফ্যাসিস্ট হলো কুয়েটের ভিসি। শিক্ষার্থীদের উপর বহিরাগতদের হামলাকে বৈধতা দিয়ে তিনি শিক্ষার্থীদের বহিষ্কার করেছেন। এর মাধ্যমে তিনি তাঁর পদে থাকার যোগ্যতা হারিয়ে ফেলেছেন।

তিনি আরও বলেন, উনি (উপাচার্য) বলছেন, অধিকাংশ শিক্ষার্থী নাকি তাঁর পদত্যাগ চাচ্ছেন না। অথচ সারাদেশের শিক্ষার্থীরাই পদত্যাগ চাচ্ছেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা আজ একযোগে অনশনে বসেছেন। কুয়েটের শিক্ষার্থীরা ৪৮ ঘন্টার বেশি সময় ধরে অনশন করছে। তাদের অবস্থা খুবই খারাপ। অথচ এখন পর্যন্ত সরকার কোনো ব্যবস্থা নেয় নাই। ঘটনাটি এখন আর কুয়েটের মধ্যে সীমাবদ্ধ নেই। এটা এখন একটু রাষ্ট্রীয় সমস্যাই পরিণত হয়েছে। কুয়েট উপাচার্যকে অপসারণ করা পর্যন্ত আমরা অনশন চালিয়ে যাবো।

খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয় আমরন অনশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:43

URL: <https://timestodaybd.com/campus/1308527778>